

হরিণজন্ম

- লিটন শব্দকর

আলোর ঝলকানিতে শুভ মেরুদণ্ড দিবস
সারারাত কাঠামো থেকে চুরি যায় হাড়
যতটা নমনীয় হলে ভেঙে যায় ততটাই ভাঙে
বেঁকিয়ে বেঁকিয়ে এক একটি টুকরো....

সহজলভ্য ডোরাকাটা ফরম্যাট
মৃত্যুর মৌলিক নির্ভরযোগ্যতা
চিতল হরিণ অজান্তে উপসংহার মাখে

নিজের সাথে এক উজ্জ্বল বিশ্বাসঘাতকতা
বিশ্বাস মানুষের প্রতি

হরিণজন্মের ভেতর দিয়ে যেতে যেতে মনে হয়
ঘাসহীন মাঠের দৈন্যতা ঘুচিয়েছে যারা শিশিরে
তাদের ওপর অভিযোগ ভিত্তিহীন।